# সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ১১০২ [আন্তর্জাতিক নাম্বারঃ ১১০৩]

পর্ব-১২: তাত্বীক্ব (রুকূ’তে দু' হাত হাঁটুদ্বয়ের মাঝে স্থাপন) করা (كتاب التطبيق)

পরিচ্ছেদঃ ৪৯: সিজদায় হাতের স্থান

بَاب مَكَانِ الْيَدَيْنِ مِنْ السُّجُودِ

আরবী

أَخْبَرَنِي أَحْمَدُ بْنُ نَاصِحٍ، قال: حَدَّثَنَا ابْنُ إِدْرِيسَ، قال: سَمِعْتُ عَاصِمَ بْنَ كُلَيْبٍ يَذْكُرُ، عَنْ أَبِيهِ، عَنْ وَائِلِ بْنِ حُجْرٍ، قال: قَدِمْتُ الْمَدِينَةَ فَقُلْتُ لَأَنْظُرَنَّ إِلَى صَلَاةِ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَكَبَّرَ وَرَفَعَ يَدَيْهِ حَتَّى رَأَيْتُ إِبْهَامَيْهِ قَرِيبًا مِنْ أُذُنَيْهِ فَلَمَّا أَرَادَ أَنْ يَرْكَعَ كَبَّرَ وَرَفَعَ يَدَيْهِ، ثُمَّ رَفَعَ رَأْسَهُ فَقَالَ: سَمِعَ اللَّهُ لِمَنْ حَمِدَهُ، ثُمَّ كَبَّرَ وَسَجَدَ فَكَانَتْ يَدَاهُ مِنْ أُذُنَيْهِ عَلَى الْمَوْضِعِ الَّذِي اسْتَقْبَلَ بِهِمَا الصَّلَاةَ .

تخريج دارالدعوه: انظر حديث رقم: ٨٩٠، (تحفة الأشراف: ١١٧٨١) (صحيح)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 1103 - صحيح

বাংলা

১১০২. আহমাদ ইবনু নাসিহ (রহ.) ..... ওয়ায়িল ইবনু হুজর (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমি মদীনায় এসে বললাম, আমি রাসূলুল্লাহ (সা.) -এর সালাত অবশ্যই প্রত্যক্ষ করব। তিনি তাকবীর বললেন এবং তার দু’হাত তুললেন যাতে দেখলাম তার বৃদ্ধাঙ্গুলিদ্বয় প্রায় তার কানের নিকটে। যখন তিনি রুকূ করতে ইচ্ছা করলেন তখন তাকবীর বললেন এবং তাঁর দু’হাত তুললেন। অতঃপর তাঁর মাথা উঠালেন এবং বললেন, “সামি আল্ল-হু লিমান হামিদাহ”। এরপর তাকবীর বললেন এবং সিজদা করলেন। তখন (সিজদাতে) তাঁর দু’হাত কানের ঐ জায়গায় ছিল যেখানে সালাত শুরু করার সময় ছিল।

## English

49. Placement Of The Hands When Prostrating

It was narrated that Wa'il bin Hujr said: I came to Al-Madinah and said: 'I am going to watch the Messenger of Allah (ﷺ) pray. He said the takbir and raised his hands until I saw his thumbs near his ears. When he wanted to bow, he said the takbir and raised his hands. Then he raised his head and said: 'Sami Allahu liman hamidah (Allah hears the one who praises Him).' Then he said the takbir and prostrated, and his hands were in the same position in relation to his ears as when he started the prayer.

## ফুটনোট

সহীহ: আবু দাউদ ৭২৬, তিরমিযী ২৯২, ইবনু মাজাহ ৮৬৭, দারিমী ১৩৫৭, মুসনাদে হুমায়দী ৮৮৫, সহীহ ইবনু খুযায়মাহ ৪৭৭। [দ্রঃ ৮৮৭, ৮৮৯, ১০৫৫]।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ ওয়ায়িল ইবনু হুজর (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=87476

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন